ফস্টার কেয়ারে থাকা

শিশু এবং যুবক/যুবতীদের জন্য নিউ ইয়র্ক স্টেট অধিকারের বিল

কেয়ারে থাকা সমস্ত যুবক/যুবতীদের নিরাপদ পরিবেশে বসবাস করার, শিক্ষাগত সংস্থানগুলি অ্যাক্সেস করার, চিকিৎসা ও মানসিক স্বাস্থ্য সহায়তা পরিষেবা পাওয়ার, এবং দুর্ব্যবহার/অবমাননা, শোষণ, বা বিচ্ছিন্নতার সম্মুখীন না হওয়ার অধিকার রয়েছে। কেয়ারে থাকাকালীন আপনার অধিকার সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে নীচের অধিকারের বিলটি পড়ুন। **নিউ ইয়র্ক স্টেটে ফস্টার কেয়ারে একজন শিশু বা সদ্য প্রাপ্তবয়স্ক হিসাবে, আমার নিম্নলিখিতগুলিতে অধিকার রয়েছে:**

সাধারণ অধিকারসমূহ

1. একটি বাড়ির মতো পরিবেশে বসবাস করা যা আমার চাহিদা পূরণ করে, এবং যত্নশীল, স্বাস্থ্যকর, এবং ক্ষতির থেকে নিরাপদ। আমার পর্যাপ্ত খাবার, সমুচিত পোশাক, এবং আমি নিরাপদে আমার জিনিসপত্র সংরক্ষণ করতে পারি এমন একটি ব্যক্তিগত জায়গা পাওয়ার অধিকার আছে।

2. যদি কেউ আমার কেয়ারে থাকাকালীন উপযুক্ত পরিচর্যা এবং সহায়তা প্রদানের জন্য উপলভ্য থেকে থাকেন, তাহলে এমন কোনো আত্মীয় বা কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে থাকার ব্যবস্থা করা যাঁর সাথে আমার দৃঢ় সম্পর্ক আছে।

3. যেকোনো উপযুক্ত পরিষেবা সহ, আমার প্রয়োজন এমন সহায়তা পাওয়া।

4. আমি কে, আমি দেখতে কেমন, আমি কোথা থেকে এসেছি, আমি কী বিশ্বাস করি, আমি কাকে ভালোবাসি, আমি কীভাবে শনাক্ত করি, বা আমি যে জিনিসগুলি করতে পারি তা নির্বিশেষে ন্যায্যভাবে এবং সম্মানের সাথে ব্যবহার পাবো, এবং ভিন্নভাবে আচরণ করা হবে না।

- এর মানে হল জাতি, ধর্মমত (আস্থা বা বিশ্বাস), বর্ণ, জাতীয় উৎস, বয়স, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয় বা লিঙ্গ অভিব্যক্তি, যৌন প্রবণতা, বৈবাহিক স্থিতি, অক্ষমতার (শারীরিক, মানসিক, জ্ঞান ভিত্তিক) উপর ভিত্তি করে অথবা আমি ফস্টার কেয়ারে আছি, সেই কারণে আমি বৈষম্যের শিকার হতে পারি না।

5. যখন আমি ভুল করি বা সঠিক আচরণ করি না অথবা নিয়ম অনুসরণ করি না তখন ন্যায্য ব্যবহার পাওয়া।

- যখন কোন পরিণতি উপযুক্ত তা নির্ধারণ করতে হবে, তখন আমার বয়স, অক্ষমতা, পরিপক্কতা এবং বিকাশের স্তর, এবং আমার সামাজিক, শারীরিক, মানসিক ও চিকিৎসাগত চাহিদাগুলিকে অবশ্যই সাবধানতা সহ বিবেচনা করা উচিত।
- যেকোনো পরিণতিকে অবশ্যই যুক্তিসঙ্গত এবং আমার আচরণের সাথে মানানসই হতে হবে।
- আমি নিয়মানুবর্তিতার একটি রূপ হিসাবে আমার পারিবারিক যোগাযোগ সীমিত করতে বা কোনোভাবেই অস্বীকার করতে পারি না।
- নিষ্ঠুর, কঠোর, বা অপ্রয়োজনীয় শাস্তি, যেমন শারীরিক আঘাত করা, ঘরে বন্ধ করে রাখা; অন্যদের থেকে বিচ্ছিন্ন করা; খাবার, জল/পানি, বা ঘুমাতে না দেওয়া; অথবা এমন জায়গায় ঘুমাতে দেওয়া যা সাধারণত ঘুমের জন্য ব্যবহার করা হয় না, তা থেকে মুক্ত থাকব।

6. আমার সমবয়সীদের মতো অনুরূপ ক্রিয়াকাজ এবং অভিজ্ঞতাগুলিতে অংশগ্রহণ করা যা আমার বয়স এবং বিকাশের জন্য উপযুক্ত। এর মধ্যে স্কুলের ইভেন্ট, খেলাধুলা, গ্রীষ্মকালীন এবং কাজের অভিজ্ঞতার মতো বিষয়গুলি অন্তর্ভুক্ত। আমার কাছে ধর্ম, সংস্কৃতি, এবং ঐতিহ্য অবাধে পালন করার জন্য সমর্থন পাওয়ার অধিকারও আছে।

7. আমার 14 বছর বয়স থেকে আমি ফস্টার কেয়ার ছেড়ে না যাওয়া পর্যন্ত প্রতি বছর আমার গ্রাহক ঋণের রিপোর্টের একটি কপি বিনামূল্যে পাওয়া।

এই রিপোর্টগুলি বুঝতে এবং সেগুলির মধ্যে যেকোনো ভুল থাকলে তা ঠিক করার জন্য আমার সাহায্য পাওয়ার অধিকার রয়েছে।

8. যখন আমার বয়স কমপক্ষে 16 বছর হবে তখন আমার ড্রাইভার পারমিট বা লাইসেন্সের জন্য আবেদন করতে এবং/অথবা যেকোনো বয়সে একজন নন-ড্রাইভার আইডির জন্য আবেদন করতে সাহায্য পাওয়ার অধিকার রয়েছে।

9. আমার অভিবাসন স্থিতি নিয়ে যথাযথ, গোপনীয় আইনি সহায়তা পাওয়ার অধিকার রয়েছে।

10. যদি যোগ্য হয়, তাহলে আমার মার্কিন যুক্তরাষ্ট্রের জন্মের শংসাপত্র, সামাজিক নিরাপত্তা কার্ড, স্বাস্থ্য বিমার তথ্য, চিকিৎসার রেকর্ড, শিক্ষার রেকর্ড, এবং ড্রাইভার লাইসেন্স বা স্টেট দ্বারা ইস্যু করা পরিচয়পত্রের একটি কপি পাওয়ার অধিকার রয়েছে।

11. 18 বছর বয়স হওয়ার পর আমার 21 বছর বয়স হওয়া পর্যন্ত ফস্টার কেয়ারে থাকতে সম্মত হওয়ার অধিকার রয়েছে।

12. আমি 18 বছর বা তার বেশি বয়সে ফস্টার কেয়ার ছেড়ে যাওয়ার আগে একটি ব্যক্তিগত স্থানান্তর পরিকল্পনা সরবরাহ করতে হবে যা আমার প্রয়োজনগুলিকে পূরণ করবে এবং এতে আবাসন, স্বাস্থ্য বিমা, শিক্ষা, পরামর্শদাতাদের জন্য স্থানীয় সুযোগ, অবিচ্ছিন্ন সহায়তার পরিষেবা, কর্মী সহায়তা, এবং কর্মসংস্থান পরিষেবার তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

13. আমি 18 থেকে 21 বছর বয়সের মধ্যে ফস্টার কেয়ারে ফিরে আসার (পুনরায় প্রবেশ করার) অনুরোধ করতে পারি সে বিষয়ে আমার অবগত থাকার অধিকার রয়েছে।

- শুধুমাত্র আমি যদি 18 বছর বয়সের পরে কেয়ার ছেড়ে চলে যাই, অথবা যদি আমি 16 বছর বয়সের পরে কেয়ার ছেড়ে চলে যাই এবং গৃহহীন হয়ে যাই, অথবা যদি আমি ফস্টার কেয়ারে ফিরে না গেলে গৃহহীন হয়ে পরার ঝুঁকিতে থাকি, তবেই পুনরায় কেয়ারে প্রবেশ করা সম্ভব।

14. যদি আমি 18 বছর বা তার বেশি বয়সে কেয়ার ছেড়ে চলে যাই এবং কমপক্ষে ছয় মাস ধরে কেয়ারে থাকি, তাহলে একটি ফর্ম পাওয়ার অধিকার যা প্রমাণ প্রদর্শন করে যে আমি ফস্টার কেয়ারে ছিলাম।

15. আমি যতদিন ধরে ফস্টার কেয়ারে আছি, তা নির্বিশেষে আমার 26 বছর বয়স না হওয়া পর্যন্ত অবিচ্ছিন্ন স্বাস্থ্য বিমা কভারেজের জন্য আমি যোগ্য হতে পারি, সেই বিষয়ে আমার অবগত থাকার অধিকার রয়েছে।

16. আমি একজন মা-বাবা হলে আমার সন্তানের(দের) সাথে বসবাস, পরিচর্যা করা এবং তাদের জন্য সিদ্ধান্ত নেওয়ার অধিকার আমার রয়েছে যদি না আদালত বলে আমি পারব না।

সাক্ষাৎ

17. আমার মা-বাবার সাথে ন্যূনতম প্রত্যেক দুই সপ্তাহে একবার দেখা করার, যদি না তারা তাদের মা-বাবার অধিকার হারান, বা আদালত বা এজেন্সি বলে থাকে যে সাক্ষাৎ করা নিরাপদ নয়। আমি যতবার চাই ততবার আমার মা-বাবাকে ফোন করার অধিকার আমার আছে।

18. আমার ভাইবোনদের সাথে থাকার। আমি যদি আমার ভাইবোনদের সাথে না থাকি, তাহলে আমার তাদের নিয়মিত দেখা করার অধিকার আছে, যদি না আদালত বলে থাকে যে আমি তা করতে পারব না। যদি আমি তা না পারি, তাহলে কেন তা জানার অধিকার আমার আছে।

শিক্ষা

19. আমার বর্তমান স্কুলে থাকা, যতক্ষণ না আমার এজেন্সি আমার মত নিয়ে সিদ্ধান্ত নিচ্ছে যে স্কুল পরিবর্তন করাই আমার স্বার্থের জন্য সর্বোত্তম।

20. শিক্ষা ও প্রশিক্ষণের জন্য অর্থায়ন শনাক্ত করতে, এবং আর্থিক সহায়তা, অনুদান, ছাত্র ঋণের জন্য আবেদনগুলি পূরণ ও জমা দেওয়া এবং নিউ ইয়র্ক স্টেট বা এর বাইরে থাকা কলেজ এবং বৃত্তিমূলক প্রোগ্রামগুলিতে আবেদন করার ক্ষেত্রে সহায়তা গ্রহণ করার অধিকার আমার রয়েছে।

NEW YORK STATE | Office of Children and Family Services

Pub. 2002-BN (Rev. 09/2023)

স্বাস্থ্য পরিচর্যা

21. যতবার প্রয়োজন ততবার স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার আমার রয়েছে যার মধ্যে চিকিৎসাগত; দাঁত-সম্বন্ধীয়; দৃষ্টি; মানসিক এবং আচরণগত; এবং যৌন, লিঙ্গ-সংবেদনশীল, এবং প্রজনন পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে।

22. আমি যে ধরনের পরিচর্যা পাচ্ছি এবং কারা আমাকে তা প্রদান করছে সে সম্পর্কে আমার অনুভূতি প্রকাশ করার অধিকার আমার রয়েছে।

23. আমার চিকিৎসাগত বিমার তথ্য এবং কাছাকাছি স্বাস্থ্য পরিষেবা এবং কীভাবে তাদের সাথে যোগাযোগ করতে হবে, সে সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আমার রয়েছে।

24. গর্ভনিরোধ, গর্ভপাত, প্রসবপূর্ব পরিচর্যা এবং প্রতিরোধমূলক পরিচর্যা সহ যৌন, লিঙ্গ-সংবেদনশীল এবং প্রজননগত স্বাস্থ্য পরিচর্যার জন্য সাহায্য চাওয়ার ও তা গ্রহণ করার, এবং যদি আমার চিকিৎসীয় পেশাদার নির্ধারণ করেন যে আমি এই সিদ্ধান্তগুলি নিতে সক্ষম তাহলে সম্মতির (আমি চাই কিনা তা বলার) অধিকার আছে।

কেসের জন্য সম্পৃক্ততা

25. আমার কেসওয়ার্কার এবং কেসওয়ার্কারের সুপারভাইজারের নাম জানার। আমার কাছে তাদের যোগাযোগের তথ্য (ইমেইল, ফোন নম্বরগুলি) পাওয়ার অধিকার আছে। আমার কেসওয়ার্কারের সঙ্গে প্রতি মাসে অন্তত একবার আমার দেখা করার অধিকার আছে। আমার প্রয়োজন হলে আমার কেসওয়ার্কার এবং তাদের সুপারভাইজারের সাথে যোগাযোগ করার অধিকার আছে। আমার কাছে আমার কেসওয়ার্কার বা সুপারভাইজারের সাথে ব্যক্তিগতভাবে কথা বলার অধিকার আছে।

26. আমার আইনজীবী (শিশুটির জন্য উকিল) কে তা জানার এবং আমার আইনজীবীর সাথে যোগাযোগ করার প্রয়োজন হলে আইনজীবীর তথ্য (ইমেল, ফোন নম্বর) পাওয়ার। আমার কাছে আমার প্রয়োজন হলে আমার আইনজীবীর সাথে যোগাযোগ করার এবং আইনজীবীর সাথে ব্যক্তিগতভাবে কথা বলার অধিকার আছে।

27. আইনের অধীনে অনুমোদিত ব্যতীত, আমার রেকর্ড এবং ব্যক্তিগত তথ্য গোপন রাখার। কে আমার রেকর্ড দেখতে পারে এবং আমার সম্পর্কে তথ্য জানতে পারে তা জিজ্ঞাসা করার অধিকার আমার আছে।

28. আমার স্থায়ীত্বের লক্ষ্য নির্ধারণে একটি মতামত রাখার।

- পরিষেবা পরিকল্পনা পর্যালোচনা সভাগুলিতে অংশগ্রহণ করার এবং আমার পরিষেবা পরিকল্পনায় যা থাকা উচিত বলে আমি মনে করি, তা বলার অধিকার আমার আছে।
- আমি অন্তর্ভুক্ত রয়েছি এমন সমস্ত পরিকল্পনাগুলিকে আমি যেভাবে বুঝতে পারি, সেভাবে আমাকে ব্যাখ্যা করা হবে সেই অধিকার আমার কাছে আছে। আমার কাছে প্রশ্ন জিজ্ঞাসা করার এবং সহায়তা, সুযোগ এবং পরিষেবাগুলির জন্য অনুরোধ করার অধিকার রয়েছে।
- যদি আমার বয়স 14 বছর বা তার বেশি হয়, তাহলে আদালতে স্থায়ী শুনানিতে অংশগ্রহণ করার অধিকার আমার আছে।
- যদি আমার বয়স 14 বছরের কম হয়, তাহলে আদালত সিদ্ধান্ত নিতে পারে যে আমি অংশগ্রহণ করতে পারি না বা শুধুমাত্র একটি নির্দিষ্ট উপায়ে অংশগ্রহণ করতে পারি এবং তা কেন সেটি জানার অধিকার আমার আছে। যদিও, আমি তখনও আমার আইনজীবীর সাথে আমার চিন্তাভাবনা শেয়ার করতে পারি।
- যদি আমার বয়স 14 বছর বা তার বেশি হয়, তখন আমার কেস পরিকল্পনাকারী দলের অংশ হওয়ার জন্য দুইজনকে বেছে নেওয়ার অধিকার আমার আছে।
  আমি বন্ধু, পরামর্শদাতা, সহায়ক ব্যক্তি, শিক্ষক, বা অন্য যে কাউকে বেছে নিতে পারি যারা আমার পালক পিতা-মাতা, কেস ম্যানেজার, কেস পরিকল্পনাকারী, বা কেসওয়ার্কার নন। আমি যাদের বেছে নিয়েছি তাদের কেন অন্তর্ভুক্ত করা যাবে না সে বিষয়ে আমার এজেন্সির কাছে অবশ্যই আমাকে বলার মতো একটি শক্তিশালী কারণ থাকতে হবে।

আমি যদি মনে করি যে আমার অধিকার লঙ্ঘিত হচ্ছে, তাহলে আমার কার সাথে কথা বলা উচিত

আপনি যদি মনে করেন যে আপনার কেস পরিকল্পনাকারী দলের কেউ একজন আপনার অধিকারকে সম্মান করেনি, তাহলে আপনি এটি রিপোর্ট করতে পারেন। আপনি সমস্যায় পড়বেন না বা শাস্তি পাবেন না।

আপনি যা করতে পারেন:

- আপনার উদ্বেগগুলি আপনার কেসওয়ার্কার, পিতা-মাতা বা অভিভাবক, এবং সম্ভবত আপনার আদালতের মামলার বিচারকের কাছে ব্যাখ্যা করুন। আপনি আপনার কেস ওয়ার্কারের সাথে ব্যক্তিগতভাবে কথা বলার জন্য অনুরোধ করতে পারেন।
- আপনার কেসওয়ার্কারের সুপারভাইজারের সাথে যোগাযোগ করুন এবং পরিস্থিতিটি ব্যাখ্যা করুন। আপনি আপনার কেস ওয়ার্কারের সুপারভাইজারের সাথে ব্যক্তিগতভাবে কথা বলার জন্য অনুরোধ করতে পারেন।
- আপনার আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন (শিশুটির জন্য উকিল)। আপনার আইনজীবীর (শিশুটির জন্য উকিল) সঙ্গে কথোপকথনগুলি সম্পূর্ণভাবে ব্যক্তিগত। আপনার অনুমতি থাকা বা আপনার নিরাপত্তা ঝুঁকিতে থাকা ছাড়া (এ বিষয়ে আপনার আইনজীবীর সাথে কথা বলুন) আপনার আইনজীবী (শিশুটির জন্য উকিল) আপনি কী বিষয়ে কথা বলছেন, তা অন্য কাউকে বলতে পারবেন না।
- OCFS আঞ্চলিক অফিসে যোগাযোগ করুন। আঞ্চলিক অফিসের একটি তালিকা পাওয়া যাবে https://ocfs.ny.gov/directories/regional-offices.php-এ।

আমি,__________________, ফস্টার কেয়ারে থাকা শিশু এবং যুবক/যুবতীদের জন্য নিউ ইয়র্ক স্টেট অধিকারের বিলের একটি কপি পেয়েছি, এবং আমি এটি আমার কেসওয়ার্কার, আমার পিতা-মাতা(দের) (জন্মদাতা বা দত্তক নিয়েছেন এমন) বা অভিভাবক(দের), এবং আমার পালক মা-বাবা(দের) সাথে আলোচনা করেছি, যদি প্রযোজ্য হয়। আমি আমার প্রশ্নের উত্তর পেয়েছি এবং উপরে তালিকাভুক্ত আমার অধিকার বুঝতে পেরেছি।

শিশু/যুবক/যুবতীর নাম (স্পষ্ট হরফে)	শিশু/যুবক/যুবতীর স্বাক্ষর	তারিখ
কেসওয়ার্কারের নাম (স্পষ্ট হরফে)	কেসওয়ার্কারের স্বাক্ষর	তারিখ
সুপারভাইজারের নাম (স্পষ্ট হরফে)	সুপারভাইজারের স্বাক্ষর	তারিখ
পিতা-মাতা/অভিভাবকের নাম (স্পষ্ট হরফে)	পিতা-মাতা/অভিভাবকের স্বাক্ষর	তারিখ
পালক পিতা-মাতা নাম (স্পষ্ট হরফে)	পালক পিতা-মাতা স্বাক্ষর	তারিখ

সমস্ত যুবক/যুবতীদের একটি অ্যাক্সেসযোগ্য এবং পছন্দসই ফর্ম্যাটে নথিগুলি পাওয়ার অধিকার রয়েছে।